



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১৬, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(গুচ্ছ)

প্রজ্ঞাপন

তারিখ, ২৮শে আশ্বিন ১৪০৯/ ১৩ই অক্টোবর ২০০২

নং এস, আর, ও-২৮৪-আইন/২০০২/২৬২-মূসক।— মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২৩শে জ্যৈষ্ঠ, ১৪০৯ বাং মোতাবেক ৬ই জুন, ২০০২ইং তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১২৪-আইন/২০০২/৩৪৯-মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল-১ (আমদানি পর্যায়ে) এর কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) ১৫.০৭ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এক্সিসমূহের পরিবর্তে নিম্নরূপ নূতন শিরনামা সংখ্যা (Heading Nos.) এবং এক্সিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“০৯.০৬	সকল এইচ. এস. কোড	দারুচিনি এবং দারুচিনি গাছের ফুল	শূন্য
০৯.০৭	০৯০৭.০০.১০	লবঙ্গ (টিন বা মোড়কজাত নহে)	শূন্য
০৯.০৮	০৯০৮.৩০.১০	এলাচ (টিন বা মোড়কজাত নহে)	শূন্য
০৯.০৯	০৯০৯.৩০.১০	জিরা (টিন বা মোড়কজাত নহে)	শূন্য
০৯.১০	০৯১০.৩০.১০	হলুদ (টিন বা মোড়কজাত নহে)	শূন্য
১৫.০৭	১৫০৭.৯০.১০	পরিশোধিত কিন্তু রাসায়নিকভাবে পরিবর্তিত নয় সয়াবিন তৈল বা তার অংশ বিশেষ	শূন্য
	১৫০৭.৯০.৯০	অন্যান্য	শূন্য”

রাষ্ট্রপতির আদেশক্রমে

ডঃ শোয়েব আহমেদ
সচিব।

মোঃ সারোয়ারুজ্জামান (যুগ্ম-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।